



সূত্র নং-এসিএসপিডি সার্কুলার নং-০১

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

কৃষি ঋণ ও স্পেশাল প্রোগ্রামস বিভাগ
(কৃষি ঋণ উপ-বিভাগ)

২৫ মাঘ, ১৪১৪

তারিখঃ-----
০৭ ফেব্রুয়ারী, ২০০৮

ব্যবস্থাপনা পরিচালক/মহাপরিচালক/মহাব্যবস্থাপক
সোনালী/জনতা/অগ্রণী/রূপালী ব্যাংক লিঃ/
বাংলাদেশ কৃষি ব্যাংক/রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক/
বিআরডিবি ও বিএসবিএল
প্রধান কার্যালয়
ঢাকা/রাজশাহী।

কৃষি/পল্লী ঋণ কর্মসূচীর ঋণ নিয়মাতার শিথিলকরণ (Relaxation of Credit Norms for Agricultural/Rural Credit Programme) প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপরোক্ত বিষয়ে এসিএসপিডি সার্কুলার-০২ তারিখ-১৬/০৭/২০০৭ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২) কৃষি উপকরণের মূল্য বৃদ্ধির কারণে কৃষি উৎপাদন ব্যয়ও বৃদ্ধি পেয়েছে। ফলে, বার্ষিক কৃষি ঋণ কর্মসূচীর নিয়মাতার (Credit norms) অনুযায়ী নির্দিষ্ট ফসলের জন্য বরাদ্দকৃত কৃষি ঋণের পরিমাণ দ্বারা কৃষি উৎপাদন ব্যয় নির্বাহ করা সম্ভব হচ্ছে না বিধায় কৃষি উৎপাদনের লক্ষ্যমাত্রা অর্জনের স্বার্থে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, ব্যাংকসমূহ ঋণের পরিমাণ এবং ঋণ বিতরণ ও পরিশোধসূচী নির্ধারণের ক্ষেত্রে সাধারণভাবে উক্ত নিয়মাতার অনুসরণ করবে, তবে কৃষকদের প্রকৃত চাহিদার নিরিখে বিভিন্ন ফসলের জন্য নির্ধারিত ঋণের পরিমাণ শতকরা ১০ ভাগের পরিবর্তে শতকরা ২০ ভাগ পর্যন্ত হ্রাস/বৃদ্ধি করা যাবে।

০৩) কৃষি/পল্লীঋণ কর্মসূচীর ঋণ নিয়মাতার বিষয়ে ইতোপূর্বে জারিকৃত উপরোল্লিখিত সার্কুলার এর অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

০৪) এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আবদুল হক)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৭১২০৯৪